## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য /০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হ্যাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।
রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)

৪১শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৯ই চৈত্র বুধবার ১৩৬১ ইংরাজী 23rd Mar. 1955 | ৪৩শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল্‌স ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. SERVICE

**অগ্রগতির পথে নূতন পদক্ষেপ**

হিন্দুস্থান তাহার যাত্রাপথে প্রতি বৎসর নূতন নূতন সাফল্য, শক্তি ও সমৃদ্ধির গৌরবে দ্রুত অগ্রসর হইয়া চলিয়াছে।

নূতন বীমা (১৯৫৩)

**১৮ কোটি ৮৯ লক্ষের উপর**

হিন্দুস্থানের উপর জনসাধারণের অবিচলিত আস্থার উজ্জ্বল নিদর্শন।

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে

পূর্ব্ব বৎসর অপেক্ষা **২ কোটি ৪২ লক্ষ বৃদ্ধি**

সমসাময়িক তুলনায় সর্ব্বাধিক

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হিন্দুস্থান বিল্ডিংস্‌, কলিকাতা—১৩

শাখা অফিস : ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৯ই চৈত্র বুধবার সন ১৩৬১ সাল।

## "যা'কে স্বামীতে করে হেলা, তা'কে রাখালে মারে ঢেলা।"

—০)-(০—

স্বামী স্ত্রীর মান ইজ্জৎ ও মর্য্যাদা রক্ষার জন্য লোকতঃ ধর্ম্মতঃ দায়ী। যদ্যপি স্বামী নিজের স্ত্রী-এর প্রতি তাঁহার কর্ত্তব্যপালনে অবহেলা করেন, তবে সেই আশ্রয় থাকিতেও নিরাশ্রয়া অবলার প্রতি দুর্ব্যবহার করিলে কেহ তাহার প্রতিকার করিবার নাই, এই সাহসে অন্য প্রবল লোকের কথা দূরে থাক, গরু-চরা রাখালও সেই অবহেলিতা রমণীকে ঢেলা মারিতে একটুও দ্বিধা করে না। এই পতি-পরিত্যক্তা অভাগিনীর প্রতি সহানুভূতিসম্পন্ন কবির দ্বারা এই প্রবাদ বাক্যটি রচিত হইয়াছে।

ইংরাজ বিপ্লবী বাঙালীর প্রতি বিরুদ্ধ ভাবাপন্ন হইয়া বাঙলার এক বৃহদংশ বিহারের সামীল করিয়া গিয়াছে ১৯১১ খ্রীষ্টাব্দে। এখন ইংরাজ নাই, ভারত স্বাধীনতা লাভ করিয়াছে। প্রত্যেক ভদ্রলোকই জানেন, যদি কাহারো চোরা মাল তাঁর অধিকারের মধ্যে ফেলিয়া দেয় কোন উৎপীড়ক, তাঁহার কর্ত্তব্য এই হৃত দ্রব্য তাহার পূর্ব্বাধিকারীকে প্রত্যর্পণ করা। কংগ্রেস চিরদিনই ভদ্রতা রক্ষার জন্য এবং বাঙলার হৃত অংশের অধিবাসীবর্গের উঠিতে বসিতে, কথা কহিতে, সমাজে, হাটে বাজারে এমন কি বিচারা-লয়েও যথেষ্ট অসুবিধা ভোগ যাহাতে দূর হয় তজ্জন্য ইংরাজ কর্তৃক বিহারের এলাকাভুক্ত অংশ বাঙলাকে ফিরাইয়া দিবার জন্য জোর গলায় বলিয়া আসিয়াছে।

ভারত সরকার আজ ভারতের রাজতক্তে রাষ্ট্রপতি-রূপে বাঙলার রাজধানী তদানীন্তন ভারতের রাজধানী কলিকাতা মহানগরীতে সুশিক্ষা-প্রাপ্ত ডাঃ রাজেন্দ্র প্রসাদকে বসাইয়াছেন। সুযোগ্য রাষ্ট্রপতি তাঁহার এই উচ্চতম পদ প্রাপ্তির পর যখনই বাঙলায় আসি-য়াছেন, তাঁহার বিদ্যালাভের পুণ্যক্ষেত্রে স্বীয় মাতৃ-ভাষা হিন্দীতে ভাষণ না দিয়া বাঙলা ভাষায় বক্তৃতা করিয়া বাঙলার সহিত পূর্ণ হৃদ্যতা ও আত্মীয়তার নিদর্শন দেখাইতে পশ্চাৎপদ হন নাই।

তাঁহারই সরকার ভাষাভিত্তিক প্রদেশ গঠনের জন্য সীমানির্দ্ধারণ কমিশন গঠন করিয়াছেন। কমিশন তাহার কর্ত্তব্য সমাপন জন্য ভারতের বহু স্থানে গিয়াছেন, কোথাও কোনরূপ হৈ হল্লা বা বিক্ষোভ দেখাইয়া কমিশনের বিরক্তি বা কর্ম্মে বাধা সৃষ্টি করে নাই। বড় দুঃখের সহিত বলিতে হইতেছে আমাদের ভারতের রাজসিংহাসনে অধিষ্ঠিত রাষ্ট্র-পতির মাতৃভূম বিহারে আসিয়া কমিশনের সদস্য-গণকে বিক্ষোভের সম্মুখীন হইতে হইয়াছিল। এই যে বিক্ষোভ কাহার বিধানের বিরুদ্ধে? ভারত সরকারের বিধানের বিরুদ্ধে নয় কি? কমিশনের সিদ্ধান্তের পূর্ব্বে চীৎকার করিয়া শাসান হইয়াছে এই কমিশনের সদস্যগণকে এই বলিয়া যে যদ্যপি বিহারের অধিকৃত সূচ্যগ্র মৃত্তিকা অধিকারচ্যুত হয়, তবে নোয়াখালির মত রক্তস্রোত বহিবে। বিহারের গৌরব ভারতের রাষ্ট্রপতি ডাঃ রাজেন্দ্র প্রসাদের মর্য্যাদার প্রতি কোনও ত্রুটি দেখান হয় নাই কি তাঁহার প্রদেশবাসীদের দ্বারা?

ডাঃ রাজেন্দ্র প্রসাদ যখন রাষ্ট্রপতি হন নাই, সেই সময়ে কোন্ হিন্দী সাহিত্য সম্মিলনীতে তিনি মানভুম-সিংভূম-অধিবাসীদের উল্লেখ করিয়া নাকি বলিয়াছিলেন এখনও এরা এতদিন বিহারের অন্ত-র্ভুক্ত থাকিয়াও বাঙলা ভাষা ছাড়িয়া হিন্দী বলিতে অভ্যস্ত হইল না! তিনি রাষ্ট্রপতির আসনে অধি-ষ্ঠিত হইয়া এমন কথা আর বলেন নাই। তবুও কি তাঁর কোন্ অতীত কালের কথা ধরিয়া বিহারে সরকার, শিক্ষাবিভাগ, পুলিশ বিভাগ, শাসন বিভা-গের বিচারক বাঙলা ভাষার প্রতি রূঢ় ব্যবহারে দিগ্বিদিকজ্ঞানশূন্য হইয়া অত্যাচার সুরু করিবে। একখানি দৈনিক পত্রের পুরুলিয়াস্থ সংবাদদাতা জানাইতেছেন—গত ১৬ই মার্চ্চ পুরুলিয়া বড় বাজার হাই স্কুলের অবৈতনিক প্রধান শিক্ষক, জিলা বোর্ড সদস্য এবং লোকসেবক সঙ্ঘের কর্ম্মী শ্রীগঙ্গাধর সিংহ এম-এ, বি-এল কে হাতকড়া পরিহিত এবং কোমরে দড়ি বাঁধা অবস্থায় পুরুলিয়ায় এস, ডি, ও'র সম্মুখে উপস্থাপিত করা হইলে আদালত অঞ্চলে বিশেষ চাঞ্চল্যের সৃষ্টি হয়। শ্রী সিংহ কিছুদিন আগেও এই আদালতে ব্যবহারজীব ছিলেন। এস, ডি, ও তাঁহাকে ৬০০০ টাকার জামীনে মুক্তির আদেশ দেন। শ্রী সিংহের প্রতি এই অশোভন আচরণে বার এসোসিয়েশন বিশেষ ক্ষুব্ধ হইয়াছে। শ্রী সিংহকে এবং শ্রীবাহাদুর মহতো নামক জনৈক ছাত্রকে গতকল্য অপরাহ্নে মুক্তি দেওয়া হইয়াছে।

মুক্তির পরে ভারতীয় দণ্ডবিধির ১৮৮ ধারা অনুযায়ী তাঁহার প্রতি সমন জারী করা হইয়াছে।

শ্রী সিংহ পুরুলিয়ার এ, ডি, গু, সার্কেল অফিসার এবং অন্যান্য কয়েকজনের বিরুদ্ধে স্কুলের তালা-ভঙ্গের অভিযোগে পূর্বে ডেপুটি কমিশনারের আদা-লতে এক ফৌজদারী মামলা দায়ের করিয়াছিলেন।

স্কুল কমিটি রহিত করিয়া বিহার গবর্ণমেণ্টের শিক্ষা বিভাগের নির্দেশ অনুযায়ী একটি এড হক কমিটি গঠন করিবার জন্য সমগ্র মহকুমায় বিক্ষোভ সৃষ্টি হইয়াছে।

শ্রীগঙ্গাধর সিংহ এবং আরও কয়েকজন সদর পুরুলিয়া লোক্যাল বোর্ডের পক্ষ হইতে রাজ্য পুনর্গ-ঠন কমিশনের নিকট মানভূমকে পশ্চিমবঙ্গের অন্তর্ভুক্ত করিবার জন্য এক স্মারকলিপি পেশ করেন এবং রাজ্য পুনর্গঠন কমিশনের নিকট তিনি সাক্ষ্যও দিয়াছিলেন।

পুরুলিয়ার এস, ডি, ও, শ্রী এস, প্রসাদ ও অন্যান্যের বিরুদ্ধে শ্রী গঙ্গাধর সিংহ ভারতীয় দণ্ড-বিধির ৩৮০।৪৪৮।১৪৩।৪২৬ ধারা অনুসারে যে অভিযোগ দায়ের করিয়াছেন, তৎসম্পর্কে মানভূমের ডেপুটি কমিশনার শ্রীগঙ্গাধর সিংহের জবানবন্দী গ্রহণ করেন। ২৪শে মার্চ এই সম্পর্কে আদেশ দানের দিন ধার্য্য হইয়াছে। জবানবন্দী গ্রহণকালে আদালত কক্ষ আইনজীবী ও জনসাধারণে পূর্ণ হইয়া গিয়াছিল। ফরিয়াদী পক্ষে উকিল শ্রীজগদীশ চট্টোপাধ্যায় ও শ্রীদেবেন্দ্রনাথ বিশ্বাস, মোক্তার শ্রীহরকালী মুখোপাধ্যায় এবং আরও কয়েকজন ব্যবহারজীবী উপস্থিত ছিলেন। বড়বাজার বেসর-কারী হাই স্কুলের বর্তমান জনপ্রিয় ও প্রতিনিধি-মূলক ম্যানেজিং কমিটি বাতিল করিয়া এড হক কমিটি চালাইয়া দেওয়ার ফলে এই ঘটনা ঘটে। পুরুলিয়ার এস, ডি, ও, প্রভৃতির বিরুদ্ধে স্কুলের

তালা ভাঙ্গা, অনধিকার প্রবেশ ও স্কুলের কাগজপত্র লইয়া যাওয়ার অভিযোগ আনীত হইয়াছে।

বিদ্যালয়ে বাঙলা ভাষা দমন ও শিক্ষার মাধ্যমরূপে হিন্দী ভাষাকে চাপাইয়া দেওয়াই এড হক কমিটি নিয়োগের উদ্দেশ্য বলিয়া প্রকাশ।

( ঘটনা )

সীমানির্দ্ধারণ কমিশনের সদস্যগণ নিশ্চয় বিহারী সরকারের গত বিক্ষোভের তামাসা স্বচক্ষে দেখিয়াছেন। আবার আদালতে এস. ডি, ও,র এজলাসে যেখানে খুনি, ডাকাইত, চোর প্রভৃতিকে কোমরের দড়ি হাতের হাতকড়ি খুলিয়া কাঠগড়ার মধ্যে দাঁড় করাইবার নিয়ম, সেখানে একজন প্রাচীন উকীল, স্কুলের হেড মাষ্টার, লোকসেবককে শুদ্ধ অপমানিত করার জন্য এস, ডি. ও,র সম্মুখে লইয়া আসা হইল। এই লোকসমাজে মান্যগণ্যদের দশা এই অঞ্চল বিহারের সামীল থাকিলে ঠিক ইহাদিগকে হাত-পা বাঁধিয়া হিংস্র জানোয়ারদের খাঁচায় পুরিয়া দেওয়া হইবে কিনা কমিশনের তাহা অনুমান করিতে একটুও কষ্ট হইবে না। হাকিমের ইঙ্গিতেই পুলিশ নিরাশ্রয়া অবলাকে রাখালের ঢেলা মারার মতই এই নিরীহ ভদ্রলোকের এই দশা করিতে সাহস পাইয়াছে তাহাতে সন্দেহ নাই।

---

## ঢাকায় পাকীস্থানের প্রধান মন্ত্রী ও ফজলুল হক

ঢাকার রাজনৈতিক মহলের সংবাদে প্রকাশ মিঃ ফজলুল হককে দিয়া সম্মিলিত ফ্রন্ট দলের নেতৃত্ব ত্যাগ করাইবার জন্য পাক প্রধান মন্ত্রী মহম্মদ আলির সকল চেষ্টা ব্যর্থতায় পর্য্যবসিত হইয়াছে। মিঃ হক নিজেকে দলের নেতা বলিয়া দাবী করিয়াছেন এবং সেই সঙ্গে ইহাও জানাইয়াছেন যে, গভর্ণমেণ্ট গঠন করিতে হইলে তাঁহাকেই আহ্বান করিতে হইবে। এ দাবী হইতে তিনি এ পর্য্যন্ত একটুও বিচ্যুত হন নাই।

মিঃ মহম্মদ আলি পূর্ব্বে একথা অস্বীকার করিয়াছিলেন যে, তিনি মিঃ হককে দিয়া দলের নেতৃত্ব ত্যাগ করাইবার উদ্দেশ্য লইয়াই পূর্ব্ববঙ্গে আসেন নাই।

পূর্ব্ববঙ্গের প্রধান মন্ত্রী পদে মিঃ আবু হোসেন সরকার কেন্দ্রীয় মন্ত্রীসভার মনোনীত প্রার্থী বলিয়া পূর্ব্বে যে সংবাদ প্রকাশিত হইয়াছিল তাহার মধ্যে যথেষ্ট সত্য আছে বলিয়া রাজনৈতিক মহল মনে করেন। তবে মিঃ সরকারকে মন্ত্রী করিতে হইলে ফজলুল হককে দিয়া তাঁহার অনুকূলে দলের নেতৃপদ ত্যাগ করান দরকার। ফজলুল হকের সম্মতি পাইলে মিঃ সরকার দায়িত্ব লইতে পারেন বলিয়া মনে হয়। কিন্তু ফজলুল হকের রাজী হওয়ার কোন সম্ভাবনাই দেখা যাইতেছে না।

আওয়ামী লীগ নেতারা প্রধান মন্ত্রীর সহিত আলোচনায় পরিষ্কার জানাইয়াছেন যে, তাঁহারা ফজলুল হকের সহিতও কোন আপোষ মীমাংসায় আসিবেন না, আবার ২১ দফা কর্ম্মসূচী বাদ দিবার কোন সর্ত্তেও মন্ত্রিসভা গঠন করিবেন না।

---

## ত্রৈমাসিক পত্রিকা

আগামী বৈশাখ মাসে খাগড়া হইতে শ্রীকমল বন্দ্যোপাধ্যায় মহাশয়ের সম্পাদনায় "কলকাকলি" নামে একখানি ত্রৈমাসিক পত্রিকা প্রকাশিত হইবে। উহার বার্ষিক মূল্য ১॥০ দেড় টাকা ধার্য্য হইয়াছে।

---

## বৃষোৎসর্গ শ্রাদ্ধ

গত ৭ই চৈত্র সোমবার দ্বিজপদ চট্টোপাধ্যায় মহাশয়ের পুত্রগণ কর্ত্তৃক তাঁহার বৃষোৎসর্গ শ্রাদ্ধ অনুষ্ঠিত হইয়াছে। রাত্রে প্রায় ৭০০ সাত শত নিমন্ত্রিত ব্যক্তিগণকে ভুরিভোজনে আপ্যায়িত করা হয়। পরদিন সমাগত দরিদ্রনারায়ণগণকে চাউল ও পয়সা দেওয়া হয়।

---

## নূতন বাস সার্ভিস

গত মঙ্গলবার হইতে রঘুনাথগঞ্জ-মিত্রপুর রাস্তায় একখানি বাস চলাচল করিতেছে। গাড়ীখানি রঘুনাথগঞ্জ সদর ঘাট হইতে ছাড়ে। রঘুনাথগঞ্জ হইতে বেলা পোনে এগারটায় ও বৈকাল পোনে চারিটায় ছাড়িয়া গাড়ীখানি মিত্রপুর অভিমুখে যায় এবং তথা হইতে বেলা বারটায় ও বৈকাল ৫টায় রঘুনাথগঞ্জ অভিমুখে যাত্রা করে।

---

## জমিদারদের প্রাপ্য খাজনা ও সেস

জমিদারদের প্রাপ্য খাজনা ও সেস বাকী ফেলার একটা ক্রমবর্দ্ধমান প্রবণতা প্রজাদের রহিয়াছে বলিয়া দেখা গিয়াছে। প্রজাদের স্মরণ করাইয়া দেওয়া যাইতেছে যে, গ্রহণের তারিখ পর্য্যন্ত জমিদারদের প্রাপ্য বকেয়া খাজনা ও সেস সহ সকল টাকা প্রদানের যে দায় ও দায়িত্ব তাঁহাদের আছে তাহা আইন অনুসারে থাকিয়াই যাইবে। গ্রহণের তারিখের পরও এইসব প্রাপ্য আদায় করা যাইবে। প্রজা নিজেই মধ্যস্বত্বাধিকারী হইলে তাঁহার দেয় বকেয়া খাজনা ও সেস জমিদার গ্রহণ আইন অনুসারে তাঁহাকে দেয় ক্ষতিপূরণের টাকা হইতেও আদায় করা হইতে পারে। তাহা ছাড়া জমিদারদের আবেদনক্রমে সরকারও তাঁহাদের প্রাপ্য বকেয়া খাজনা ও সেস গ্রহণের তারিখের পর আদায় করিতে পারেন। তজ্জন্য ফলাফল হইতে অব্যাহতি পাওয়ার জন্য প্রজাদিগকে তাঁহাদের নিজেদের স্বার্থেই তাঁহাদের জমিদারদের প্রাপ্য খাজনা ও সেস সত্বর মিটাইয়া দেওয়ার পরামর্শ দেওয়া যাইতেছে।

( প্রেসনোট )

---

## বদলী

জঙ্গিপুর মহকুমা পুলিশ অফিসার শ্রী এ, চক্রবর্ত্তী আই-পি মহোদয় হাওড়া সদরে বদলী হইলেন।

---

## চালক ও কুলি আহত


গত ৩রা চৈত্র রঘুনাথগঞ্জের শ্রীযোগীন্দ্রনারায়ণ সাহা মহাশয়ের একখানি ট্রাক ইট বোঝাই লইয়া যাইবার সময় শিকদারপুরের নিকট উলটাইয়া গিয়া চালক ও ছয় জন কুলি আহত হইয়াছে। একজন কুলি গুরুতরভাবে আহত হওয়ায় বহরমপুর হাসপাতালে তাহার চিকিৎসা চলিতেছে।

---

## স্পেশাল কেডার ফরম

১৯৫৫ সালের শিক্ষক নিয়োগের "কেডার ফরম" রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে পাওয়া যাইবে।

---




## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা এক আনা।

সোল এজেন্ট :— **ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।
এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

## ডাকাতি

গত ৮ই চৈত্র মঙ্গলবার রাত্রিতে রঘুনাথগঞ্জের অনতিদূরবর্ত্তী চরকা গ্রামের বারুইপাড়ায় শ্রীদোকড়ি মিত্রের বাড়ীতে ডাকাতি হইয়াছে। ডাকাতগণ গৃহস্বামীকে এবং তাঁর স্ত্রী ও পুত্রকে মারধর করিয়া নগদ টাকা ও সোনার গহনা লইয়া গিয়াছে। একজন প্রতিবেশী সাহায্যের জন্য ছুটিয়া গেলে ডাকাতেরা তাহার মাথায় ভীষণ আঘাত করে। লোকটিকে স্থানীয় হাসপাতালে রাখা হইয়াছে। পুলিশ তদন্ত চলিতেছে।

---

## ভেজাল ছানা বিক্রয়ে দণ্ড

সূতী থানার অন্তর্গত সাদিকপুর গ্রামের আহ্লাদী ঘোষাণীকে ভেজাল ছানা বিক্রয়ের অপ-রাধে ফৌজদারী সোপরদ্দ করা হয়। বিচারে তাহার ৩০৲ ত্রিশ টাকা অর্থদণ্ড হইয়াছে।

---

# নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ৪ঠা এপ্রিল ১৯৫৫

১৯৫৪ সালের ডিক্রীজারী

৬৪৪ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং ইলিয়াস সেখ দিঃ দাবি ২৬।৬ থানা সূতী মৌজে ইসলামপুর ৪৫ শতকের কাত ১৷৹ আঃ ১০৲ খং ৬২ অধীনস্থ খং ৬৩

---

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১১ই এপ্রিল ১৯৫৫

১৯৫৪ সালের ডিক্রীজারী

৫৬০ থাং ডিঃ চন্দনমল বয়েদ দিং দেং সরোজ কুমার দাস নাঃ পক্ষে অলি পিতা গোপালচন্দ্র দাস দাবি ৪০৸৵৯ থানা সুতি মৌজে ভাবকী ২-০২ শতকের কাত ৪৸৶/১৬।০ আঃ ৬৲ খং ১০৬

১৯৫৫ সালের ডিক্রীজারী

৬৫ থাং ডিঃ পঙ্কজকুমার মুখোপাধ্যায় দিং দেং বাসেদালি বিশ্বাস দাবি ৩৪৶/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুলরী ১-৪৩ শতকের কাত ৭৸/০ আঃ ১৫৲ খং ৩৫০

৬৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৮৸৬ মৌজাদি ঐ ১-৬৮ শতকের কাত ৬৷৹ আঃ ১০৲ খং ৩৪৯

৮৫ থাং ডিঃ ৺যোগেন্দ্রচন্দ্র খাঁর ট্রাষ্ট এষ্টেটের ট্রাষ্টি গণেশচন্দ্র খাঁ দিং দেং সুবদনী দাসী দিং দাবি ৭৮৸৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কল্যাণপুর ৩-৫৬ শতকের কাত ১২৷৯ আঃ ২৫৲ খং ২১২

৮৬ থাং ডিঃ ঐ দেং শঙ্করী হালদার দিং দাবি ২৯৸৵৩ থানা ঐ মৌজে কল্যাণপুর সেঃ গদাইপুর ১৭৩ শতকের কাত ৫৶/১০ আঃ ১৫৲ খং ২০৩

৮৭ থাং ডিঃ ঐ দেং ললিতমোহন মুখার্জ্জি দিং দাবি ২৩৸৶০ মৌজাদি ঐ ১৬২ শতকের কাত ৩৷/৩ আঃ ১০৲ খং ২০২

৭২ থাং ডিঃ শ্যামাপদ সিংহ দিং দেং মাওলাবক্স সেখ দিং দাবি ১২।০ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাশিয়াডাঙ্গা ৩ শতকের কাত নিজাংশে ৶৬ পাই আঃ ৩৲ খং ৩৭০ রায়ত স্থিতিবান।

৩১ থাং ডিঃ কমন ম্যানেজার রণেন্দ্রনারায়ণ বাগচি দেং মজিজ সেখ দিঃ দাবি ৩১।৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাদিকোলা ১-১৩ শতকের কাত ৩৷৩ আঃ ১০৲ খং ২৩৪ রায়ত স্থিতিবান।

১০৮ থাং ডিঃ ঐ দেং আবদুল রহামান মণ্ডল দিং দাবি ২৩৷৵১০ মৌজাদি ঐ ১.৫০ শতকের কাত ২৵৪ আঃ ১০৲ খং ৫৬ ঐ স্বত্ব।

১০৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯/০ মৌজাদি ঐ ২৫ শতকের কাত ১৬ আঃ ৮৲ খং ২৫ ঐ স্বত্ব।

১১০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৮৶০ মৌজাদি ঐ ১.৯৪ শতকের কাত ৩৻৩ আঃ ১৫৲ খং ২৯ ঐ স্বত্ব

৯৮ থাং ডিঃ কণিকারাণী দেবী দেং অনিন্দ্য সুন্দরী ঘোষ দাবি ৫২৷৶৯ থানা সূতী মৌজে ইচলি-পাড়া ১০ শতকের কাত ৮৲ আঃ ২০৲ খং ১৯২ রায়ত স্থিতিবান।

---

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৮ই এপ্রিল ১৯৫৫

১৯৫৫ সালের ডিক্রীজারী

৮২ থাং ডিঃ শ্যামাপদ ভট্টাচার্য্য দিং দেং আবেল হোসেন সেখ দিং দাবি ১৭।/৬ থানা সাগরদীঘি মৌজে পোপাড়া ১০ শতকের কাত ২৶০ আঃ ৫৲ খং ১২৮৪

৮৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০৵৬ মৌজাদি ঐ ১১ শতকের কাত ৩।/০ আঃ ৫৲ খং ১২৮৩

৮৫ থাং ডিঃ ঐ দেং রমাপ্রসাদ সাহা দিং দাবি ১০০।৯ থানা সাগরদীঘি মৌজে ব্রাহ্মণীগ্রাম, রতনপুর ৯-৮০ শতকের কাত ২৯৷৩ আঃ ২৫৲ খং ২০ অধী-নস্থ ৪৯৯ মৌজে রতনপুর ৪-৯৮ ও ১২নং অধীনস্থ ৪-৮২ শতক মোট ৯-৮০ শতক।

৮৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০৭৷৵৬ থানা সাগরদীঘি মৌজে রতনপুর ১৯-৩৫ শতকের কাত ৩৮.০ আঃ ৫০৲ খং ২১ অধীনস্থ ৩০০ হইতে ৩১৫

৮৮ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং শ্যামাপদ সাহা দিং দাবি ২২৷/৩ থানা সাগরদীঘি মৌজে কান্তনগর ৫০ শতকের কাত ২/০ আঃ ১০৲ খং ২৪৯

৯১ থাং ডিঃ ঐ দেং প্রহ্লাদচন্দ্র সাহা দিং দাবি ৩২৸৵০ মৌজাদি ঐ ৫৪ শতকের কাত ৩৷৵৯ আঃ ১৫৲ খং ৩৭৩

৯২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৮৵০ মৌজাদি ঐ ৮২ শতকের কাত ৪৷৵০ আঃ ২০৲ খং ১৪৫

৯৩ থাং ডিঃ ঐ দেং ভাদু মণ্ডল দিং দাবি ৯৪/৯ মৌজাদি ঐ ২-৬৬ শতকের কাত ১৪৵০ আঃ ৭০৲ খং ২৮৯

২৪ থাং ডিঃ বীরেন্দ্রকুমার গুপ্ত দিং দেং ফরিদুল্লা সেখ দিং দাবি ৩১৲ থানা সাগরদীঘি মৌজে জিয়ানগর ৭৯ শতকের কাত ১৷৵৬ আঃ ১৫৲ খং ৫০

৫৩ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং আলতাকুর সেখ নাবালক পক্ষে অলি মাতা ও স্বয়ং কাওবিয়া বিবি দাবি ২৪।৶৯ থানা সাগরদীঘি মৌজে উদয়নগর ১-৩৭ শতকের কাত ৩৸৵১৯ আঃ ১০৲ খং ১১১ অধীনস্থ খং ১১২ রায়ত স্থিতিবান।

৬৪ থাং ডিঃ ঐ দেং লোহারাম মাল দিং দাবি ২১।৶০ মৌজাদি ঐ ৭ শতকের কাত ১৵০ আঃ ৫৲ খং ১৩০ ঐ স্বত্ব।

৫৪ থাং ডিঃ ঐ দেং আবদুল সালাম সেখ দিং দাবি ৩৫/০ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ১-৫১ শতকের কাত ৭৸৶/১৮ আঃ ১৫৲ খং ৪৫৭, ৪৫৮ ঐ স্বত্ব।

৫৫ থাং ডিঃ ঐ দেং জাবেদ সেখ দিং দাবি ২২৵০ মৌজাদি ঐ ২-০১ শতকের কাত ৭৸/১২৷ আঃ ১০৲ খং ৩৭৯ রায়ত মোকররী স্বত্ব।

৫৬ থাং ডিঃ ঐ দেং গোলাম রসুল সেখ দাবি ২৮৮/৬ মৌজাদি ঐ ২-৮৯ শতকের কাত ১৩॥৶৫ আঃ ১০৲ থং ৪৩৯ ঐ স্বত্ব।

৫৮ থাং ডিঃ ঐ দেং আইজানলেসা বিবি দিং দাবি ৩৫৫৲ মৌজাদি ঐ ১০০ শতকের কাত ৪॥০ আঃ ১৫৲ থং ৩৬৩ রায়ত স্থিতিবান।

৫৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৮৯ মৌজাদি ঐ ৪৩ শতকের কাত ১॥/৭ আঃ ১০৲ থং ৩৬৪ ঐ স্বত্ব।

৬১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩৶০ মৌজাদি ঐ ৭৮ শতকের কাত ৩/৶১২॥ আঃ ১০৲ থং ৪৩৪ ঐ স্বত্ব।

৬০ থাং ডিঃ ঐ দেং নকুলচন্দ্র পাল দাবি ২০।/৬ মৌজাদি ঐ ৩৬ শতকের কাত ১৮৶০ আঃ ১০৲ থং ৫১৩ ঐ স্বত্ব।

৬৩ থাং ডিঃ ঐ দেং ঝন্টু দত্ত দিং দাবি ১৯৮৶৩ মৌজাদি ঐ ১-৬০ শতকের কাত ৭৲ আঃ ১০৲ থং ৪৬৬ রায়ত স্থিতিবান।

৬৫ থাং ডিঃ ঐ দেং মহসেন সেখ দিং দাবি ৩৩৶০ মৌজাদি ঐ ৭০ শতকের কাত ৩/৶১২॥ আঃ ১৫৲ থং ৪৩৪ ঐ স্বত্ব।

৬৬ থাং ডিঃ ঐ দেং আবদুল হাই সেখ দিং দাবি ৮৩৶৬ মৌজাদি ঐ ৬-৬২ শতকের কাত ১২/৬ আঃ ৫০৲ থং ৪৭১ রায়ত মোকররী স্বত্ব।

৫৭ থাং ডিঃ ঐ দেং সগির মহম্মদ মণ্ডল দিং দাবি ২০৮/৩ থানা সাগরদীঘি মৌজে দক্ষিণগ্রাম ৭২ শতকের কাত ১৮৵১৫ আঃ ১০৲ থং ৮৭ রায়ত স্থিতিবান।

৬২ থাং ডিঃ ঐ দেং সুরেন্দ্রনাথ সরকার দাবি ২৫৶৬ থানা সাগরদীঘি মৌজে বন্যেশ্বর ৫৪॥০ শতকের কাত ২৮০ আঃ ১০৲ থং ৩৫ ঐ স্বত্ব।

৬৮ থাং ডিঃ শকুন্তলা দেবী দেং রাধাকান্ত পাল দিং দাবি ৩৬৮০ থানা সাগরদীঘি মৌজে চামুণ্ডা ১-১৫ শতকের কাত ৭৲ আঃ ১০৲ থং ২৫৬

৬৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৬৮/০ মৌজাদি ঐ ১-১৫ শতকের কাত ৭৲ আঃ ১০৲ থং ২৫৬

৩ থাং ডিঃ হাজি সেখ আবদুল আজিজ দিং দেং মোহিনীমোহন দাস দাবি ৩২।/৬ থানা সাগরদীঘি মৌজে খেরুর ১-১৫ শতকের কাত ৫৮৵০ থং ৫৪

৪ থাং ডিঃ ঐ দেং মদনমোহন রায় দিং দাবি ৩৮৮৶৩ মৌজাদি ঐ ১০০৮ শতকের কাত ৭॥০ থং ৫৪

১০৮ থাং ডিঃ রাণী হেনারাণী দেবী দেং তছর সেখ দিং দাবি ৫৮৶০ থানা সাগরদীঘি মৌজে রামনগর ১-৬৪ শতকের কাত ৮॥৶০ আঃ ২৫৲ থং ১২৬

২৫ থাং ডিঃ শ্যামাচরণ গঙ্গোপাধ্যায় দিং দেং ভূপতিনাথ দাস দিং দাবি ৫৩॥০ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরিপাড়া ৬-৪২ শতকের কাত ২৫॥৩ আঃ ৩৫৲ থং ৬৮৯

৫০ থাং ডিঃ মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং রামকু সাঁওতাল দিং দাবি ৫৭৷৩ থানা ফরাক্কা মৌজে তালিপুর ৯০৲১০ ধুলের কাত ৯৲ আঃ ৪০৲ থং ১৪১

৫১ থাং ডিঃ ঐ দেং ভুপেন মণ্ডল দিং দাবি ৪৬।০ থানা ঐ মৌজে সুদনা ১-৭৬ শতকের কাত ১০/৬ আঃ ২০৲ থং ১৪২

১০৫ থাং ডিঃ ঐ দেং দুর্গা মাঝি দাবি ১৫।৵৩ থানা ঐ মৌজে লক্ষ্মীপুর ২৶২৲১৯ ধুলের কাত ১॥/৩ আঃ ৫৲

১০৯ থাং ডিঃ ঐ দেং খুদরী সাহানী দিং দাবি ১২৫॥৵৯ থানা ফরাক্কা মৌজে তালিপুর ২৬৮৲১০ বিঘার কাত ১৯॥৵৬ আঃ ৭০৲ থং ৪৩

---

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ৯ই মে ১৯৫৫

১৯৫৫ সালের ডিক্রীজারী

৪২ থাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং কেদারচন্দ্র বারিক দিং দাবি ২৯/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিনোদিঘা ৬৬ শতকের কাত ২।১৫ গণ্ডা আঃ ১৫৲ থং ৪১ অধীনস্থ থং ৪২, ৪২ (ক), ৪৩

৪৩ থাং ডিঃ ঐ দেং ফয়েক সেখ দিং দাবি ২৬॥০ থানা ঐ মৌজে হিড়কাটী ৪৫॥০ শতকের কাত ২/০ আঃ ১০৲ থং ৭০, ১০৩

৬৩ থাং ডিঃ ৺যোগেন্দ্রচন্দ্র খাঁর ট্রাষ্ট এষ্টেটের ট্রাষ্টি গণেশচন্দ্র খাঁ দিং দেং শশিভূষণ সাহা দিং দাবি ২৮০।৯ থানা সুতি মৌজে গাম্ভিরা ৩০-৭৩ শতকের কাত ৪৪৮৬ আঃ ১০০৲ থং ২২৮

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৬ই মে ১৯৫৫

১৯৫৫ সালের ডিক্রীজারী

১৩৪ থাং ডিঃ ধীরেন্দ্রকুমার ঘোষ দিং দেং মহম্মদ ইয়াকুব হোসেন দাবি ৩৪॥৶৩ পাই থানা সাগরদীঘি মৌজে চণ্ডীগ্রাম রঘুনাথপুর ৩.৬৮ শতকের কাত ১২৮/০ আঃ ২০৲ থং ১২৫, ৯০১, ৯৫৭ অধীনস্থ থং ১০৪৩, ১০৭৪, ১০৭৭

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

মোঃ নং ২৭।৫৫ অন্য

বাদী দেলেগুন বিবি স্বামী সুলতান সেখ
সাং সন্তোষপুর ডিঃ সাগরদীঘি।

বিবাদী সায়েম হোসেন দিং সাং জগদল
ডিঃ সাগরদীঘি।

এতদ্দ্বারা থানা সাগরদীঘি অধীন মৌজে জগদল, সন্তোষপুর, চন্দনবাটী ও দুর্গাপুর গ্রামের ও তৎপার্শ্ববর্ত্তী গ্রামসমূহের অধিবাসীবৃন্দ সর্ব্বসাধারণকে জানান যায় যে উপরোক্ত বাদিনী অত্র জঙ্গিপুর আদালতে থানা সাগরদীঘি অধীন মৌজে চন্দনবাটী মৌজার ১৩৭ নং খতিয়ানের ১১১ ও ১৩৪ নং দাগ সাধারণের ডহর নহে ও উক্ত দাগের '৯ শতক জমি বাদিনী জমিদার শ্রীনির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা মহাশয়ের নিকট বন্দোবস্ত লইয়া ও খেতান জমিতে পরিণত করিয়া দখলে আছেন এই মর্ম্মে ও যাহাতে কেহ উক্ত দাগ ভবিষ্যতে রাস্তা বলিয়া দাবী করিতে না পারে তন্মর্ম্মে চিরস্থায়ী নিষেধাজ্ঞার দাবীতে উক্ত বাদিনী উক্ত মোকর্দ্দমা করিয়াছেন। তাহাতে যে কেহ উপস্থিত হইয়া আগামী ১৯।৪।৫৫ ইং তারিখে বা তৎপূর্ব্বে উক্ত মোকর্দ্দমায় বিবাদীশ্রেণীভুক্ত হইয়া আত্মপক্ষ সমর্থন করিতে পারেন।

এই নোটিশ সর্ব্বসাধারণের অবগতির জন্য দেওয়া গেল।

By order
Md. Ramazan Ali, Sheristadar,
2nd Munsif's Court Jangipur.
23.3.55.